

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যোগাযোগ মন্ত্রণালয়
সড়ক বিভাগ
উন্নয়ন-২ অধিশাখা।

নং ৩৫.০১৫.০১৬.০০.০০.০০১.২০১১(অংশ-১)-৩৬


তারিখ : ১৩.০৩.২০১২ খ্রিঃ।

অফিস আদেশ

সড়ক ও জনপথ অধিদপ্তরের প্রধান কার্যালয়, জোনাল অফিস, সার্কেল অফিস ও জেলা পর্যায়ে সড়ক বিভাগীয় অফিস কর্তৃক পিপিআর ২০০৮ এর বিধি-৬৪ অনুযায়ী সীমিত দরপত্রের মাধ্যমে কোন কার্য(Work) সম্পাদনে ক্রয় প্রক্রিয়া প্রতিযোগিতামূলক ও স্বচ্ছ করার লক্ষ্যে দরপত্রের বিজ্ঞপ্তি আবশ্যিকভাবে স্থানীয় পত্রিকায় সংক্ষিপ্ত আকারে এবং সওজ অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করতে হবে।

২। অতীব জরুরী প্রয়োজনে (যেমনঃ প্রাকৃতিক দুর্যোগ, দুর্ঘটনা, সড়ক নেটওয়ার্ক বিপর্যয় ইত্যাদি) কোন ব্যত্যয় ঘটানোর প্রয়োজন হলে সড়ক বিভাগের উন্নয়ন উইং প্রধানের সম্মতি গ্রহণ করতে হবে।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


(মোঃ দেলোয়ার হোসেন)
উপ-সচিব (উন্নয়ন-২)
ফোন : ৯৫১৪০৭৫।

বিতরণ :

(ক) কার্যার্থে :

- ১। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, রমনা, ঢাকা।
- ২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল জোন), সড়ক ও জনপথ অধিদপ্তর (.....)।
- ৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল সার্কেল), সড়ক ও জনপথ অধিদপ্তর (.....)।
- ৪। নির্বাহী প্রকৌশলী (সকল সড়ক বিভাগ), সড়ক ও জনপথ অধিদপ্তর (.....)।
- ৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, সিজিএ ভবন, সেগুনবাগিচা ঢাকা।

(খ) জ্ঞাতার্থে :

- ১। সচিব, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
- ২। যুগ্ম-প্রধান, সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, যোগাযোগ মন্ত্রণালয়।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়।
- ৫। অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক বিভাগ।

System Analyst